# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-09-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর ঃ-

১) ভুয়ো চিকিৎসক সনাক্ত করতে রাজ্যের স্বাস্থ্য দফতর অভিযান শুরু করেছে বলে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন।

রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ৫ হাজার ছাড়িয়েছে।

২) দেশের প্রতিটি শিশুর জন্য ধর্ম পরিচয় নির্বিশেষে সম অধিকার, সমান সুযোগ এবং অভিন্ন শিক্ষা ব্যবস্থা নিশ্চিত হওয়া জরুরী, বলেছেন বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য।

৩) পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এবং মূর্শিদাবাদের রেজিনগরে বিধানসভা উপ-নির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেস।

কংগ্রেস ও বামফ্রন্ট আগেই তাদের প্রার্থীর নাম প্রকাশ করেছে। রেজিনগরের জন্য মনোনয়ন জমা দিয়েছে AJUP।

৪) তৃণমূল কংগ্রেসের প্রতীক বিতর্কে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের এখনও কিছু বক্তব্য থাকলে তা নথিপত্র সহ আগামী বুধবার দুপুরের মধ্যে নির্বাচন কমিশনে জমা দেওয়ার নির্দেশ।

৫) ২০২১-এর বিধানসভা ভোট-পরবর্তী হিংসায় নিহত বিজেপি কর্মী আস্তিকচন্দ্র দাসের দেহ, আদালতের নির্দেশে সমাধি থেকে বের করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

৬) কলকাতা সহ দক্ষিণবঙ্গে আগামীকাল বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ। উত্তরবঙ্গে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা।

oooooooooooooooooooooooo

ভুয়ো চিকিৎসক সনাক্ত করতে রাজ্যের স্বাস্থ্য দফতর তদন্ত শুরু করেছে বলে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন। আকাশবাণীকে আজ তিনি জানান, বর্ধমানের একটি নার্সিংহোমে অপারেশন চলাকালীন একটি শিশু মারা যায়। ওই ঘটনার তদন্ত করতে গিয়ে সংশ্লিষ্ট চিকিৎসকের ডিগ্রির বৈধতা নিয়ে গুরুতর সংশয় দেখা দেয়। এছাড়াও এই ধরনের আরো অনেক ভুয়ো চিকিৎসকের অভিযোগ স্বাস্থ্য দফতরের নজরে এসেছে।

(বাইট - স্বাস্থ্যমন্ত্রী)

এদিকে, ভুয়ো ডাক্তার ইস্যু সহ তৃণমূল কংগ্রেস সরকারের আমলে স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন দুর্নীতির পূর্ণাঙ্গ তদন্তের দাবিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছেন আই এম-এর রাজ্য শাখার সম্পাদক, প্রাক্তন সাংসদ শান্তনু সেন। মুখ্যমন্ত্রীকে দেওয়া চিঠিতে রাজ্য মেডিকেল কাউন্সিল এবং উত্তরবঙ্গ লবির বিরুদ্ধে অভিযোগের আঙ্গুল তুলেছেন তিনি। তাঁর অভিযোগ এবিষয়ে পূর্বতন সরকারকে বারংবার জানানো হলেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি।

উল্লেখ্য, অ্যাসোসিয়েশন অফ প্রাইভেট হসপিটাল অ্যান্ড নার্সিং হোমের সম্পাদক ডক্টর রাজীব পান্ডে অভিযোগ করেছেন, ভুয়ো নথি ব্যবহার করে অন্তত পাঁচজন টেকনিসিয়ান এরাজ্যে রোগী চিকিৎসায় যুক্ত । এদের মধ্যে তিনজন পশ্চিমবঙ্গ মেডিকেল কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করেছেন। সংগঠনের দাবি অভিযুক্তদের মধ্যে শেখ শহিদুর হক নামে এক ব্যক্তি পূর্ব বর্ধমানের একাধিক নার্সিং হোমে নিয়মিত অস্ত্রপোচার করছে। জুলফিকার মন্ডল নামে আরও একজন উত্তর ২৪ পরগনার বারাসাতে নার্সিং হোম চালানোর পাশাপাশি নিউটাউনে ডার্মাটোলজি ক্লিনিক চালাচ্ছেন। স্বাস্থ্য সাথী প্রকল্পের মাধ্যমে তারা কোটি কোটি টাকা উপার্জন করেছে বলে অভিযোগ।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেসের আমলে ডিগ্রী ছাড়াই ডাক্তারদের নিয়ে ডায়মন্ডহারবারে সেবাশ্রয় প্রকল্প চলেছে। বিভিন্ন সরকারী হাসপাতাল থেকে যন্ত্রপাতি সেখানে নিয়ে যাওয়া হয়েছে। এই অব্যবস্থা তৃণমূল কংগ্রেসেরই তৈরি বলে মন্তব্য করেছেন তিনি।

oooooooooooooooooooooooo

রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা পাঁচ হাজার ছাড়িয়েছে। স্বাস্থ্য দপ্তরের তথ্য অনুযায়ী, গত শুক্রবার পর্যন্ত ৬ হাজার ৮২৬ জনের অ্যালাইজা টেস্ট হয়েছে। এই মুহূর্তে ডেঙ্গু পজিটিভ রোগীর সংখ্যা ১৪৯ জন। ২১৬ জন আক্রান্ত বর্তমানে হাসপাতালে চিকিতসাধীন। স্বাস্থ্য দপ্তর আগেই ডেঙ্গুর উপসর্গ থাকা রোগীদের রক্ত পরীক্ষা বাড়ানোর নির্দেশ দিয়েছিল।

oooooooooooooooooooooo

দেশের প্রতিটি শিশুর জন্য ধর্ম পরিচয় নির্বিশেষে সম অধিকার, সমান সুযোগ এবং অভিন্ন শিক্ষা ব্যবস্থা নিশ্চিত হওয়া জরুরী বলে বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য মত প্রকাশ করেছেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যের ২৫২-টি মাদ্রাসা বন্ধের নির্দেশ এবং ১-শোটি মাদ্রাসাকে শোকজ করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তিনি বলেন, প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যও খারিজি মাদ্রাসা নিয়ে সকলকে সতর্ক করেছিলেন।

(বাইট – শমিক)

সামাজিক মাধ্যমে তিনি লেখেন, এক দেশ – এক শিক্ষা ব্যবস্থাকে পাথেয় করে বিজ্ঞান ভিত্তিক আধুনিক প্রযুক্তি নীরভর এবং কর্মমুখী শিক্ষার মাধ্যমে শিশুর ভবিষ্যৎ গড়াই রাজ্য সরকারের লক্ষ্য।

উল্লেখ্য, কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় মাদ্রাসাগুলির কার্যক্রম নিয়ে তদন্তের পর প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ওই ২৫২-টি মাদ্রাসা বন্ধ এবং গুরুতর অসংগতি ধরা পড়ায় ১-শোটি মাদ্রাসাকে শোকজ করা হয়েছে।

oooooooooooooooooooooooo

বিজেপি রাজ্যে কর্মসংস্থান ও শিল্পবান্ধব পরিবেশ গড়ে তোলার জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছে। কলকাতায় আজ কয়েকটি এলাকায় গনেশ পুজোর উদ্বোধন করে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, বর্তমানে শুধু দেশের নয় বিদেশ থেকেও ব্যবসায়ীরা পশ্চিমবঙ্গে বিনিয়োগে আগ্রহ দেখাচ্ছে। তাই যুবসমাজকে পরিবার ছেড়ে ভিন রাজ্যে বা বিদেশে কর্মসংস্থানের জন্য যাতে যেতে না হয়, তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্ব দিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগরে বিধানসভা উপ নির্বাচনের জন্য প্রাথীর নাম ঘোষণা করেছে মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেস । নন্দীগ্রামে প্রার্থী হয়েছেন সঞ্চিতা প্রধান (দে)। রবিউল আলম চৌধুরীকে রেজিনগরের প্রার্থী করা হয়েছে ।

এদিকে নন্দীগ্রামে কংগ্রেসের হয়ে বিধানসভা উপ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মিলন প্রধান।

অন্যদিকে রেজিনগরে দলের তরফে প্রার্থী করা হয়েছে আবদুল্লাহিল কাফি-কে।

সি পি আই এম এর তরফে নন্দীগ্রামে প্রার্থী করা হয়েছে শান্তি গপাল গিরি । রেজিনগরের প্রার্থী হয়েছেন সৈয়দ আসাদ আলি।

আম জনতা উন্নয়ন পার্টির প্রধান হুমায়ুন কবীরের ছেলে গোলাম নবী আজাদ রেজিনগরে মনোনয়ন জমা দিয়েছেন।

উল্লেখ্য, আগামী ৬'ই অক্টোবর ওই দুই আসনে উপনির্বাচনে ভোটগ্রহণ। গণনা অক্টোবরের ৯'তারিখ।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের প্রতীক কার দখলে থাকবে, তা নিয়ে টানাপোড়েন অব্যাহত। নতুন দিল্লিতে গতকাল প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন কালীঘাট শিবির এবং বিক্ষুব্ধ বিধায়ক তথা বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় পন্থী গোষ্ঠীর সঙ্গে বৈঠক করে নির্বাচন কমিশন। এরপরই মমতা ব্যানার্জিকে চিঠি দিয়ে,
দলের নিয়ন্ত্রণ এবং প্রতীক বিতর্কে তাঁর আরও কিছু বক্তব্য থাকলে বা কোনো নথিপত্র জমা দেওয়ার হলে আগামী বুধবার দুপুর তিনটের মধ্যে তা দিতে বলেছে কমিশন। যে নথি দেওয়া হচ্ছে, তার কপি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের কাছেও পাঠানোর পরামর্শ দিয়েছে কমিশন। এরপর প্রয়োজনে ১৭ সেপ্টেম্বর বিকেল ৪টেয় দিল্লির নির্বাচন সদনে কমিশন ফের শুনানির আয়োজন করবে।

সূত্রের খবর, ঋতব্রত গোষ্ঠীরও যদি নতুন কোনো তথ্য জমা দেওয়ার থাকে ১৬ তারিখের মধ্যেই কমিশন তা জানাতে বলেছে।

উল্লেখ্য, ১৬ তারিখই রাজ্যের দুই বিধানসভা উপনির্বাচনে মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন।

এদিকে, মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেছেন, প্রতীক বিতর্কে নির্বাচন কমিশন কোন অন্তর্বর্তী সিদ্ধান্ত নেয়নি, ১৬ তারিখের মধ্যে কোন সিদ্ধান্ত না নিলে, দলের প্রতীক দেওয়ার ক্ষমতা চেয়ারপার্সন হিসেবে মমতা ব্যানার্জীর হাতে থাকবে।

যদিও বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেছেন, প্রতীকের দখল কার হাতে থাকবে, তা ঠিক করবে নির্বাচন কমিশনই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দুর্গাপুজোয় আমিষ, নিরামিষ খাওয়া নিয়ে বাগেশ্বরবাবার মন্তব্যের জেরে তাঁকে অসম্মান করার অভিযোগে ভবানীপুর থানার তলবে প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী ও দক্ষিণ কলকাতা জেলা কংগ্রস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদ আজ সেখানে হাজিরা দেন । তাঁরা সেখানে যেতেই বাইরে উপস্থিত কংগ্রেস ও বিজেপি কর্মী সমর্থকদের মধ্যে বচসা বাধে। শ্লোগান, পাল্টা শ্লোগানে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে ২০২১-এর বিধানসভা ভোট-পরবর্তী হিংসায় নিহত বিজেপি কর্মী আস্তিকচন্দ্র দাসের দেহ , আদালতের নির্দেশে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে সমাধি থেকে বের করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

ন্যাজাট থানার কালীনগর অঞ্চলের ঝনঝনিয়া গ্রামের বাসিন্দা বিজেপি কর্মী আস্তিক চন্দ্র দাসকে পিটিয়ে খুনের অভিযোগ ওঠে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। পরিবারের দাবি, গুরুতর জখম অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যেতে বাধা দেওয়া হয় এবং বিনা চিকিৎসায় বাড়িতেই তাঁর মৃত্যু হলে , পুলিশ ময়নাতদন্ত ছাড়াই পরিবারকে ভয় দেখিয়ে দেহ সমাধিস্থ করতে বাধ্য করে। রাজ্যে পালাবদলের পর পরিবারের পক্ষ থেকে নতুন করে অভিযোগ দায়ের করা হয় ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার বাঘমুন্ডির বলরামপুরে বান্ধবীকে খুন করে দেহ লোপাটের আগেই পুলিশ অমিত কুমার মাহাতো নামে এক যুবককে গ্রেফতার করেছে। তাকে আজ পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে ৯ দিনের পুলিশ হেফাজত হয়েছে। মৃতার পরিবারের পক্ষ থেকে ধর্ষণ করে খুনের অভিযোগ করা হয়েছে। গতরাতে নার্সিং পড়ুয়া ওই তরুণীর গলা কেটে খুনের পর বস্তাবন্দী করে তার দেহ লোপাটের চেষ্টায় বেরিয়েছিল অভিযুক্ত। বলরামপুর থানার বিদ্যুৎ বিভাগের অফিসের কাছে নাকাচেকিং-এর সময় পুলিশের হাতে ধরা পড়ে সে। অভিযুক্ত মেসে থেকে চাকরির পরীক্ষার প্রস্তুতি নিচ্ছিল। সম্পর্কের টানা-পোড়েনের জেরে এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া, জনসচেতনতা বৃদ্ধি এবং নাগরিকদের অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর পর্যন্ত রাজ্য সরকার 'সেবা সংকল্প অভিযান' শুরু করার নির্দেশ দিয়েছে। রাজ্যের সমস্ত দফতর, জেলা প্রশাসন, পুরসভা ও ব্লক প্রশাসনকে সমন্বিতভাবে এই কর্মসূচি পালন করতে বলা হয়েছে।

সরকারের তরফে জানানো হয়েছে, ১৭ সেপ্টেম্বর 'আশীর্বাদের প্রদীপ' কর্মসূচির মাধ্যমে অভিযানের সূচনা হবে। দোসরা থেকে চৌঠা অক্টোবর 'সেবা সেতু অভিযান'-এ ব্লক, পুরসভা ও পুরনিগম এলাকায় শিবির করে সরকারি প্রকল্প ও পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। এছাড়া 'আমার স্বপ্নের ভারত—চিত্র সেবা', 'নমো সেবা—অজানা কাহিনি', 'সেবার কাহিনি', 'সেবায় আমার যোগদান', 'সেবা জ্যোতি কলস যাত্রা' এবং 'সেবা ফার্স্ট ইনোভেশন চ্যালেঞ্জ'-সহ একাধিক কর্মসূচির আয়োজন করা হবে।

নির্দেশিকায় বলা হয়েছে, যোগ্য উপভোক্তাদের শিবির থেকেই বিভিন্ন সরকারি প্রকল্পে নথিভুক্ত করার ব্যবস্থা থাকবে। পাশাপাশি বিজ্ঞান, প্রযুক্তি, শিক্ষা, শিল্প ও উদ্ভাবনের ক্ষেত্রেও বিশেষ কর্মসূচির আয়োজন করা হবে। কলকাতাকে এই অভিযানের অন্যতম আঞ্চলিক কেন্দ্র হিসেবে প্রস্তাব করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিপ্লবী যতীন দাস এর আত্ম বলিদান দিবসে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে কেওড়াতলা মহাশ্মশানে চিত্তরঞ্জন দাস স্মৃতি উদ্যানে, কলকাতা পুরসভার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বিপ্লবীর মূর্তিতে পুষ্পার্ঘ নিবেদন করেন পুর কমিশনার তথা প্রশাসক স্মিতা পান্ডে সহ অন্য আধিকারিকরা। কলকাতার শহীদ যতীন দাস স্মৃতি সমিতির উদ্যোগে এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বিপ্লবী যতীন দাসের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গে মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে। আগামীকাল বিক্ষিপ্তভাবে কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন। কলকাতাতেও কোথাও কোথাও হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আলিপুরে ১০ মিলিমিটারের বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আগামী ২৪ ঘন্টায় দার্জিলিং জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে।

এদিকে, গঙ্গার জলস্তর বেড়ে মালদার ভূতনির পাশাপাশি কালিয়াচক তিন নম্বর ব্লকের বৈষ্ণবনগর এলাকার নদী তীরবর্তী গ্রামেও জল ঢুকেছে। বর্তমানে ওই ব্লকের প্রায় ছটি অঞ্চলের ২০০-টি গ্রাম জলমগ্ন। সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত পারদেওনাপুর শোভাপুর গ্রামপঞ্চায়েতের বিস্তীর্ণ এলাকা।

প্রায় ১৫ থেকে ২০দিন জলবন্দী অবস্থা রয়েছেন এলাকার মানুষ। আদিবাসী উন্নয়ন এবং সেচ ও জলপথ দপ্তরের প্রতিমন্ত্রী জুয়েল মুর্মু গতকাল নৌকো করে বানভাসী এলাকা পরিদর্শন করেন। কথা বলেন স্থানীয় মানুষদের সঙ্গে।

অন্যদিকে, ভূতনির তিনটি গ্রাম পঞ্চায়েতের লক্ষাধিক মানুষ এখনও জলবন্দি। সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ায় নৌকাই এখন দুর্গত মানুষের একমাত্র ভরসা। মালদার শিল্প ও ব্যবসায়ী মহল আজ বন্যা পীড়িতদের সহায়তায় জেলা প্রশাসনের হাতে পর্যাপ্ত ত্রাণ সামগ্রী তুলে দিয়েছে।